মেহেরপুরে হত দরিদ্র পরিবারে মাঝে টিউবওয়েল ও স্যানেটরী ল্যাট্রিন বিতরণ

নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত স্যানেটরী ল্যাট্রিন ব্যবহারে মেহেরপুর সদর উপজেলার হিজুলী গ্রামের ১০ জন পরিবারের মাঝে টিউবওয়েল স্বাস্থ্য সম্মত স্যানেটরী ল্যাট্রিন বিতরণ করা হয়।

আজ বুধবার বিকাল ৩ টার দিকে মউক এর অফিস চত্ত্বরে এ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) এর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এর এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিতরণ অনুষ্ঠানে মউক এর মনিটরিং কর্মকর্তা কমল কুমার সেন সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন ও প্রোগ্রাম ম্যানেজার সাদ আহম্মেদ উপস্থিত ছিলেন অনুষ্ঠান পরিচালনা করেন মউক এর প্রোগ্রাম ম্যানেজার ওয়াজেদ আলী।

মেহেরপুরে পায়রার ব্যবস্থাপনায় টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন

‘পায়রা’ নামের একটি বেসরকারি উন্নয়ন মূলক সংগঠনের ব্যবস্থাপনায় মেহেরপুরে প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে টিউবওয়েল স্থাপন করা হচ্ছে। এ কর্মসূচীতে অর্থায়ন করছে শারদা নামের একটি বিদেশী এনজিও সংস্থা।

রবিবার সকালে পায়রার সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় সংস্কৃতি উপ-কমিটির সদস্য আসলাম হোসেন শিহির এবং নির্বাহী পরিচালক ও আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার উপ-কমিটির সদস্য এম এ এস ইমন ভার্চুয়ালি টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন করেন।

এসময় পায়রার অর্থ সম্পাদক মোস্তাফিজুর রহমান চন্দন, সদস্য মুজাহিদ আল মুন্না সেখানে উপস্থিত ছিলেন।

এধাপে ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় ৭টি টিউবওয়েল বসানো হবে। এর আগে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুরে প্রতিষ্ঠান ৩টি টিউবওয়েল স্থাপন করা হয়।

পায়রার নির্বাহী পরিচালক এমএএস ইমন জানান, মেহেরপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে কাজ করবে পায়রা। সংস্থাটি আগামী ১ বছরে জেলার তিন উপজেলার ২০টি ইউনিয়ন ও ২টি পৌর এলাকায় ব্যাক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে ২ হাজার টিওবয়েল স্থাপনের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করে যাচ্ছে। এছাড়াও মসজিদ ও মসজিদের অজুখানাসহ বিভিন্ন উন্নয়ন মূলক কাজের পরিকল্পনা করা হয়েছে।

টিউবওয়েলের মাথা খুলে নেওয়ার অভিযোগ অফিসারের বিরুদ্ধে

১৫ আগষ্ট কাঙালি ভোজের খিচুড়ি খেয়ে পানি খেতে যাওয়ায় টিউবওয়েলের হাতল খুলে রাখলেন গাংনী উপজেলা আনসার ভিডিপি অফিসার উর্মিলা বিশ্বাস।

পরে আওয়ামীলীগ ও ছাত্রলীগের বিক্ষুব্ধ নেতা কর্মীরা ক্ষোভে টিউবওয়েলটি ভেঙ্গে দেয় বলে জানা গেছে।

গাংনী উপজেলা আওয়ামীলীগ আয়োজিত দোওয়া মোনাজাত ও কাঙালি ভোজ শেষে নেতা কর্মীরা আনসার ভিডিপি অফিসের সামনের টিউবওয়েলটিতে পানি পান করতে গেলে এঘটনা ঘটে।

আওয়ামীলীগ নেতা রেজাউল হক, ইজিবাইক চালক ছারমান আলী বলেন, আমরা কাঙালি ভোজের খিচুড়ি খেয়ে আনসার ভিডিপি অফিসের সামনের টিউবওয়েলে আসলে আনসার সদস্যরা আমাদের সাথে চরম দূর্ব্যবহার করেন। এসময় তারা নানাভাবে অকাথ্য ভাষায় কথা বলে এক ইজিবাইক চালকের কাছ থেকে সেলাই র্যান্স নিয়ে টিউবওয়েলের মাথাটি খুলে অফিসে রাখেন। এসময় পানি পান

করার জন্য বিভিন্ন গ্রাম থেকে আসা আওয়ামীলীগের নেতা কর্মীরা ছুটে বেড়ান।

তেরাইল গ্রামের রমজান আলী, ছাতিয়ান গ্রামের আব্বাস আলী ও মতিয়ার রহমান বলেন, অনেকবার অনুরোধ করেও তারা পানি পান করতে দেননি।পরে আনসার ভিডিপি কর্মকর্তা উর্মিলা বিশ্বাস ও তার অফিসের লোকজনকে নিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে চলে যান।

বিষয়টি অনুষ্ঠানস্থলে আসা আওয়ামীলীগ নেতা কর্মীদের মধ্যে ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ লোকজন টিউবওয়েলটি ভেঙ্গে দেন।

গাংনী উপজেলা আনসার ভিডিপি অফিসার উর্মিলা বিশ্বাস বলেন, হাজার হাজার লোকজন ১৫ আগষ্টের কাঙালি ভোজ খেয়ে এসে অফিসের সামনে খাওয়ায় নোংরা হয়ে যায়। যে কারনে পানি খেতে দেওয়া হয়নি। হুসাইন নামের এক আনসার সদস্য টিউবওয়েলের মাথাটি খুলে অফিসে রেখে দিয়েছে।পরে কে বা কারা এসে টিউবওয়েলটি ভেঙ্গে দিয়েছে।